ওয়ার্থলেস কর্মচারীগুলোকে পটাপট ধরব আর ঝটাঝট সাসপেণ্ড করব।

শিশির॥ না না সাসপেণ্ড করিস না। ইউনিয়ন থাকলে বিজনেস ডকে নিয়ে যাবে।

বিনয়॥ সেও তো কথা। তাহলে কি করা যায় বলতো?

শিশির॥ ওসব বিজনেস টিজনেস না করে চাকরীর চেষ্টা কর।

বিনয়॥ কিন্তু চাকরী যদি না পাই।

শিশির॥ কেন পাবিনা, এ্যাম্বিশন থাকলে নিশ্চয়ই পাবি।

[ ম্যানেজার প্রবেশ করে ]

ম্যানেজার॥ আশা করি আপনাদের কিছুটা খাওয়া হয়েছে।

শিশির॥ তা হয়েছে।

ম্যানেজার॥ খাবারের স্বাদ কি রকম হয়েছে?

বিনয়॥ ওঃ, ওয়াণ্ডারফুল টেষ্ট!

ম্যানেজার॥ কোন অসুবিধে হচ্ছে না তো?

শিশি॥ না, না কোন অসুবিধেই হচ্ছে না। কিন্তু আপনি আজ বারবার আসছেন কেন?

ম্যানেজার॥ এই খাওয়াই আপনাদের শেষ খাওয়া কিনা, তাই জন্মের খাওয়া খাইয়ে দিলাম।

বিনয়॥ তারমানে?

ম্যানেজার॥ এখুনি আপনাদের ঘাড় ধরে বার করে দেব।

শিশির॥ আমাদের অপরাধ?

ম্যানেজার॥ কাল রাত্তিরে টাকা দেবার কথা ছিল। আজ বেলা ন'টা হয়ে গেল তবু টাকা দিলেন না।

বিনয় ॥ সামান্য ক'টা টাকার জন্যে আমাদের মত রেস্‌পেক্টেবল লোককে আপনি তাড়াতে চান ?

ম্যানেজার ॥ সামান্য নয়। ছ'মাসের বাকী ছ'শ টাকা।

শিশির ॥ চাকরী করে ছ'হাজার দিয়ে দেব।

বিনয় ॥ ব্যবসা করে দশ হাজার দিয়ে দেব।

ম্যানেজার ॥ সব বুঝেছি। এই ছোট হোটেলে আপনাদের মত বড়লোক আমি রাখতে রাজী নই। আপনারা গ্র্যাণ্ড হোটেলে যান।

শিশির ॥ বড়লোক হলেও আমরা মনে-প্রাণে অত্যন্ত ছোটলোক।

বিনয় ॥ তাছাড়া বঙ্গালী প্রতিষ্ঠানের ভবিষ্যৎ দেখাটাও আমাদের কর্তব্য।

ম্যানেজার ॥ আমাদের ভবিষ্যৎ দেখতে হবেনা। আপনাদের জন্যে অন্য বোর্ডারদের ভবিষ্যৎ নষ্ট হতে বসেছে। নিশ্চিন্তে তেল সাবান্ পর্যন্ত বাইরে রাখতে পারেনা।

বিনয় ॥ ম্যানেজারবাবু, আপনার বোঝা উচিত কতটা উদার মন হলে অন্যের জিনিসগুলোকে নিজের মনে করে ব্যবহার করতে পারে!

ম্যানেজার ॥ নিকুচি করেছি আপনাদের উদারতার। এখুনি বেরোন।

বিনয় ॥ দুঃখ পেলাম ম্যানেজারবাবু! উদারতার কোন মূল্য না দিয়ে আপনি তাকে কুচি কুচি করে দিলেন!

ম্যানেজার ॥ হ্যাঁ দিলাম। মানে মানে সরে পড়ুন এখান থেকে।

বিনয় ॥ খাওয়া শেষ হোক।

ম্যানেজার ॥ অর্দ্ধেক খাওয়া অবস্থায় তাড়াতে চাই যাতে জীবনে আর এ-মুখো না হ'ন।

[ ম্যানেজার অর্দ্ধসমাপ্ত খাবারের প্লেট ছুটো সরিয়ে নেয়। তারপর জামার হাতা গুটিয়ে এগিয়ে যায় ]

যাবেন কিনা বলুন?

শিশির ॥ (হাত চাটতে চাটতে) যাব, যাব। মারামারি করবেন না। আমরা নিরীহ ভদ্র-সন্তান। নে বিনয়, বিছানাটা বেঁধে ফেল। আমরা গ্র্যাণ্ড হোটেলেই যাব।

বিনয় ॥ (বিছানা গোটাতে গোটাতে) ভারি ভয় দেখাচ্ছে! যেখানে রেসপেক্টেবল্ লোকের মান রাখতে জানেনা সেখানে না থাকাই ভাল। আমরা গ্র্যাণ্ড হোটেলেই যাব। ইংলিশ খাবার খাব, পেগ পেগ ড্রিংক করব, এই সব থার্ডক্লাস ম্যানেজারগুলোকে দেখব আর হর্ হর্ ভমিট্ করব।

ম্যানেজার ॥ দয়া করে সেখানেই যান।

[ বিনয় হঠাৎ চিৎকার করে শুয়ে পড়ে ]

বিনয় ॥ লাষ্ট চান্স—আপনার ভবিষ্যত—

[ ম্যানেজার এগিয়ে গিয়ে বিনয়ের জামা ধরে টানতে থাকে ]

ম্যানেজার ॥ তবেরে জোচ্চর! বেরোও—বেরোও—

[ পাশের ঘরের প্রশান্তবাবু প্রবেশ করে ]

প্রশান্ত ॥ কি হলো? বিনয়বাবুর জামা ধরে টানছেন কেন?

ম্যানেজার ॥ ছ'মাস ধরে একটা পয়সা ছোঁয়াবার নাম নেই। শুধু লম্বা-চওড়া কথা। আপনারাওতো হোটেলে আছেন প্রশান্তবাবু। ক'দিন পয়সা না দিয়ে থেকেছেন?

প্রশান্ত ॥ থাক ছেড়ে দিন। হাজার হোক ভদ্রলোকের ছেলে।

বিনয় ॥ তার ওপর রেসপেক্টেবল্ লোক।

ম্যানেজার ॥ চুপ, জোচ্চোর কোথাকার!

প্রশান্ত ॥ আজকের মত ছেড়ে দিন।

ম্যানেজার ॥ বেশ, আপনার কথামত ছেড়ে দিচ্ছি। আপনার সামনে কথা হোক, কবে এরা টাকা দেবে।

প্রশান্ত ॥ বলুন আপনারা কবে টাকা দেবেন?

শিশির ॥ সেভেন ডেজ। সাত দিনের মধ্যে। হাজার টাকা ইনকাম হলে ছ'শ টাকা দিতে এক সেকেণ্ড।

ম্যানেজার ॥ ঐ শুনুন কথা। এই করে করে মাসের পর মাস কাটিয়ে দিচ্ছে।

প্রশান্ত ॥ তাহলে আপনারা ভাল করে ভেবে দেখুন, ঠিক সাত দিনের মধ্যে টাকা দিতে পারবেন কিনা!

শিশির ॥ সিওর। তবে মনে ভয় থাকলে আপনারা আরো সাত-দিন টাইম নিতে পারেন। মাপ করবেন আমি সাতদিনের বেশী টাইম নিতে পারব না।

প্রশান্ত ॥ বেশ পনেরো দিন টাইম আপনাদের দেওয়া হচ্ছে। এর মধ্যে যে করে হোক টাকা শোধ করে দেবেন।

ম্যানেজার ॥ প্রশান্তবাবু, আমি আপনার কথামত পনের দিন অপেক্ষা করব। তারপর আমি কোন কথা শুনব না। যতসব জোচ্চর এসে জুটেছে!

[ ম্যানেজার প্লেট দু'টো নিয়ে চলে যায় ]

প্রশান্ত ॥ আপনাদের কেন যেতে দিলাম না জানেন?

শিশির ॥ কেন?

প্রশান্ত ॥ আমার পনের টাকা চোট হয়ে যাবে বলে। টাকাটা কবে দিচ্ছেন ?

বিনয় ॥ এখুনি দিতে পারতাম। তবে পনের টাকার পরিবর্তে পঞ্চাশ টাকা দিতে চাই। সেইজন্যে কিছুদিন দেরী হবে।

প্রশান্ত ॥ টাকা আপনারা জীবনেও শোধ করতে পারবেন না জানি। সেইজন্যে ঋণ শোধ করবার জন্যে আমি একটা মতলব বার করেছি।

শিশির ॥ কি ?

প্রশান্ত ॥ আমার পায়ে ক্র্যাম্প হয়েছে। ডাক্তার বলেছে পনের দিন ম্যাসাজ করাতে হবে। এই কাজটা আপনারাই করে দিন।

বিনয় ॥ আপনি রেসপেক্টেবল লোক দিয়ে পা ম্যাসাজ করাতে চান ?

প্রশান্ত ॥ কি করব বলুন ? এছাড়া টাকা শোধ হবার কোন উপায় দেখছি না। আমি ঘরে আছি। দয়া করে আজ থেকেই কাজ শুরু করুন।

[ প্রশান্ত চলে যায় ]

বিনয় ॥ পা ম্যাসাজের বাংলা অর্থ কি জানিস ?

শিশির ॥ কি ?

বিনয় ॥ পা টেপা।

শিশির ॥ আমরা বাংলা অর্থে পা না-টিপে ইংলিশ অর্থেই পা টিপব।

বিনয় ॥ আশ্চর্য। একটা ন'শ টাকার চাকরীও জুটছেনা।

শিশির ॥ আমি পাঁচশ' টাকার চাকরী পেলে করতাম।

বিনয় ॥ আমি পঞ্চাশ টাকাতেও রাজী।

শিশির ॥ আমি পঁচিশ।

বুঝিয়ে বল আমার অবস্থা দু'দিনের মধ্যে ফিরে যাবে। আমাকে প্রাণ ভরে খাওয়াতে বল।

কানাই ॥ আপনার অবস্থা যদি ফিরে যায়, দয়া করে আমার ব্যবস্থা একটু করবেন। জানেন তো বলাইটা ফাঁকি মারতে ওস্তাদ। বেশী কাজ দেখলে বগলে দেশী কল লাগিয়ে শুয়ে থাকে। সব কাজ করেও মাস গেলে মাত্র ঐ ক'টা টাকা!

শিশির ॥ ঘাবড়াচ্ছিস কেন? তোকে আমি স্পেশাল এ্যালাওয়েন্স দেব। হোটেলের ইউনিফর্ম তৈরি করিয়ে দেব।

কানাই ॥ সে যদি করেন তো আপনার গুষ্টির চাকর হয়ে থাকব মাইরী।

শিশির ॥ যা তাড়াতাড়ি খাওয়ার ব্যবস্থা কর।

[ কানাই চলে যায় ]

বিনয় ॥ ব্যাপারটা মাথায় ঢুকছে না। টাকার সন্ধান তুই কোথায় পেলি?

শিশির ॥ এই কাগজেই পেয়েছি। এ্যামেরিকান পিস্তল।

বিনয় ॥ তার মানে?

শিশির ॥ ডাকাতি করব। আজ রাত্রেই। মোরগমসল্লাম খেয়ে দুপুর থেকেই নার্ভগুলোকে স্ট্রং করে নিচ্ছি। তার পরই ফায়ারিং গুড়ুম্ গুড়ুম্।

বিনয় ॥ পিস্তল কোথায় পাবি?

শিশির ॥ ( কাগজ দেখায় ) এই যে দেখ কাগজে। সমস্ত ষ্টেশনারী দোকানে পাওয়া যায়। আসল পিস্তলের আওয়াজ। দাম মাত্র সাড়ে ছ'টাকা। সেল্‌ফ মেড ফিউচার। হাঃ হাঃ—

বিনয় ॥ ডাকাতি করে রোজগার। আমি ওর মধ্যে নেই। ধরা পড়ে জেলে যেতে পারব না। আমার সামনে বিরাট প্রসপেক্ট পড়ে আছে।

শিশির ॥ হোপ্‌লেস্‌!

বিনয় ॥ ইডিয়েট্‌!

শিশির ॥ ফুল্‌!

বিনয় ॥ স্টুপিড!

শিশির ॥ (চেঁচিয়ে) কানাই—

বিনয় ॥ (চেঁচিয়ে) বলাই—

[ শিশির কাগজখানা নিয়ে শুয়ে পড়ে। বলাই প্রবেশ করে ]

বলাই ॥ কানাই তো বলে গেল আমার শরীর খারাপ হয়েছে। তবু ডাকাকাকি করছেন কেন?

বিনয় ॥ ম্যানেজারকে বলে দে আমার মোরগমসল্লাম দরকার নেই। ভালভাতই যথেষ্ট।

বলাই ॥ আপনাদের জন্যে ফ্যানভাতের ব্যবস্থা হচ্ছে।

বিনয় ॥ তাতেই হবে। ধাপে ধাপে উঠতে হবে। ফ্যান্‌ ভাত, ডাল ভাত, মাছ ভাত, মাংস ভাত, অবশেষে—

বলাই ॥ ভাতে ভাত। সকাল বেলা আপনাকে ম্যানেজারবাবু কি খাইয়ে গেছেন?

বিনয় ॥ পেঁয়াজী পেস্তা।

বলাই ॥ সেইজন্যেই তো আপনার মাথায় দোষ হয়েছে। পেঁয়াজ ভয়ানক গরম।

BIRCHANDRA PUBLIC LIBRARY
44090
31-5-66
AGARTALA

বিনয় ॥ পেঁয়াজের গরম নয়রে, টাকার গরম! আচ্ছা তুই কত মাইনে পাস? তিরিশ? আমি তোকে ডবল টাকা দেব। আমার কোম্পানীতে কাজ করবি? ব্রাইট ফিউচার।

বলাই ॥ করব। নিশ্চয়ই করব। আজ থেকেই দয়া করে কাজে লাগিয়ে দিন। ম্যানেজারের রোয়াব আর ভাল লাগে না!

বিনয় ॥ আজ হবে না। আগে প্ল্যান করে নিই। তবে রিসেন্টলি হয়ে যাবে। আজ দুপুরে বড় বড় দু'চাকা মাছ দিস।

বলাই ॥ মাছ দেওয়া তো মানা আছে।

বিনয় ॥ তোর ভাগ থেকে না হয় একচাকা দিস। আমি তোকে চার চাকা দেব। তোর ভবিষ্যৎ উজ্জ্বল।

বলাই ॥ নিশ্চয়ই দেব। নিজে না খেয়ে আপনাকে দেব। তবে দেখবেন, ভুল করে আমার কাজটা যেন কানাই না পায়।

বিনয় ॥ ইমপসিবল্। তুই নিশ্চিন্তে চলে যা।

[ বলাই চলে যায়। শিশির উঠে বসে ]

শিশির ॥ কানাই—

বিনয় ॥ বলাই—

[ বলাই পুনরায় প্রবেশ করে ]

বলাই ॥ কি বলছেন?

বিনয় ॥ তোর কাছে লাল সুতোর বিড়ি আছে?

বলাই ॥ একটা আছে।

বিনয় ॥ দিয়ে যা, আমি তোকে বার্মা চুরুট খাওয়াব।

[ বলাই বিড়ি দেয়। বিনয় ধরায় ]

বলাই ॥ চাকরীটা সত্যি সত্যি পাব তো?

সুনেত্রা ॥ আমি জানতাম তুই বিশ্বাস করবি না। সেইজন্যেই এতদিন তোকে বলিনি। আমার নিজেরই মাঝে মাঝে অবিশ্বাস হয়। এত নাম করা লোক অথচ কত সহজভাবে আমার সঙ্গে মেশে। আমি ওকে প্রায়ই বলি, আমার মত একটা মেয়ের জন্যে তুমি নিজেকে কেন এতটা বিলিয়ে দিয়েছ! শুনে কি বলে জানিস? আমাকে ছাড়া নাকি ওর সমস্ত প্রতিভা ম্লান হয়ে যাবে।

লিলি ॥ সুবীর যা বলে শুনলে তুই অবাক হয়ে যাবি। আমার ইন্‌সপিরেশন না থাকলে নাকি ও ইঞ্জিনীয়ারিং-এ ফার্স্ট ক্লাশ ফার্স্ট হোতেই পারতো না।

সুনেত্রা ॥ সুবীর নিশ্চয়ই জার্মান থেকে তোর জন্যে অনেক জিনিস এনেছে, তাই না?

লিলি ॥ নারে—, ওর ইচ্ছে ছিল পুরো ওয়েষ্ট বার্লিনটাই আমার জন্যে তুলে নিয়ে আসে। কিন্তু, কাষ্টম্‌সের যন্ত্রণায় গোটা দুই বক্‌লেস ছাড়া কিছুই আনতে পারেনি।

সুনেত্রা ॥ মলয়ের যা কাণ্ড! কত নিষেধ করি শুনবে না। প্রত্যেক সপ্তাহে একটা করে শাড়ী প্রেজেন্ট করে চলেছে। দু'টো আলমারী বোঝাই হয়ে গেছে।

লিলি ॥ দেখতে কেমন রে?

সুনেত্রা ॥ আমার বলাটা ঠিক নয়। তবে একথা জোর করে বলতে পারি—অত সুন্দর চেহারা সচরাচর চোখে পড়বে না।

লিলি ॥ সুবীরকে দেখিসনি, তাই ও কথা বলছিস। ওকে দেখলে মনে হবে একজন ইওরোপীয়ান ইণ্ডিয়াতে এসেছে। লাল টক্ টক্ করছে রঙ।

মধু ॥ না।

সুনেত্রা ॥ হোপলেস্।

মধু ॥ না।

[ সুনেত্রা অদ্ভুত উত্তর শুনে মধুর দিকে চেয়ে দেখে মধু দাঁড়িয়ে ঘুমন্ত অবস্থায় উত্তর দিচ্ছে। ]

সুনেত্রা ॥ মধু—

মধু ॥ না।

সুনেত্রা ॥ ( চড়া গলায় ) এই মধু।

[ মধু চমকে উঠে তাকায় ]

মধু ॥ এ্যাঁ ?

সুনেত্রা ॥ এত সকাল সকাল তোর ঘুম পায় কেন ?

মধু ॥ কি জানি, মাত্র সন্ধ্যে সাড়ে দশটায় কেন যে ঘুম পায়! চোখে জল দিয়ে আসব ?

সুনেত্রা ॥ কেন ?

মধু ॥ সারারাত জেগে থাকবার জন্যে ?

সুনেত্রা ॥ হতভাগা, তোকে আমি সারারাত জেগে থাকতে বলেছি ?

মধু ॥ তা নয় তো কি ? এগারটা বাজতে চললো—নিজেও ঘুমবেন না, আমাকেও ঘুমতে যেতে দেবেন না।

সুনেত্রা ॥ যা ঘুমো গিয়ে।

[ মধু জলের গ্লাসটা ঢেকে রেখে চলে যায়। সুনেত্রা একের পর এক রেডিও স্টেশনগুলো ধরতে থাকে। সুনেত্রার দাদু হরপ্রসাদ প্রবেশ করে। তাকে দেখে সুনেত্রা রেডিওটা বন্ধ করে দেয় ]

নামে একটি ছেলে জার্মান থেকে ফিরেছে সে নাকি লিলিকে ভালবাসে।

হরপ্রসাদ ॥ ইণ্টারেস্টিং ইণ্টারেস্টিং—আমার সঙ্গে ট্রেচারী করেছে তোমার বান্ধবী। আমি তাকে ডিভোর্স করব।

সুনেত্রা ॥ ( বিরক্ত হয়ে ) আঃ, আসল কথাটা শুনবে তো!

হরপ্রসাদ ॥ বলো।

সুনেত্রা ॥ রোজ ঐ রকম ঘ্যানর ঘ্যানর শুনতে শুনতে আমার ভীষণ হিংসে হোত। আমিও ভুম করে একটা মিথ্যে কথা বলে বসেছি। বিখ্যাত কবি মলয়কুমারও আমাকে—

হরপ্রসাদ ॥ ভালবাসে। নাউ হিয়ারিং অল দি ফ্যাক্টস্ আই এ্যাম টু সে দ্যাট্ ইওর কেস্ ইজ আণ্ডার সেকশন্ ফোর-টোয়েন্টি—

সুনেত্রা ॥ এখন ভাবছি মিথ্যে কথাটা না বললেই ভাল করতাম।

হরপ্রসাদ ॥ তাতে দোষের কিছু নেই। যৌবনকালে আমিই কি কম মিথ্যে কথা বলেছি। এই ধর না তোমার দিদিমাকে তো স্রেফ ধাপ্পা মেরে পটিয়েছিলাম। চাকরীর প্রথম দিকে ব্রিটিশ জাহাজ কোম্পানীতে অতি সাধারণ একটি কাজ করতাম। কিন্তু বাইরে এসে তোমার দিদিমাকে কি বলতাম জান? আমি একজন মেরীন ইঞ্জিনীয়ার! আমি জানতাম বাঙ্গালী মেয়েদের ইঞ্জিনীয়ারদের ওপর একটু দুর্বলতা থাকে। তোমার দিদিমা আমার প্রথম প্রপোজালে একটু আপত্তি করেছিল বটে, কিন্তু যেই শুনল আমি একজন ইঞ্জিনীয়ার, গলে একেবারে তরল। ভাগ্যের জোরে পরে অবশ্য সেই কোম্পানীতে একটা বড় পোষ্ট পেয়ে গিয়েছিলাম।

